Department of Education
Chancellor Meisha Porter

8 জুলাই, 2021

প্রিয় পরিবারবর্গ,

আমরা সফল হয়েছি! আশা করছি আপনারা প্রশান্তির সাথে সামার শুরু করেছেন। আপনাদের প্রশান্তি ও প্রতিফলের এই সময়ে, আমরা আসন্ন বছরটির জন্য পরিকল্পনা করতে কঠোর পরিশ্রম করছি। বিগত বছরটি আমাদের সামনে অভাবনীয় চ্যালেঞ্জ ছুঁড়ে দিয়েছে, কিন্তু এর পাশাপাশি ব্যাপক পরিবর্তন আনার জন্য অসাধারণ সুযোগও প্রদান করেছে।

আমি বিশ (20) বছরের বেশি সময় যাবৎ DOE-এর একজন শিক্ষিকা ছিলাম, এবং আমি জানি যে এই সুযোগগুলোকে বাস্তব পরিবর্তনে রূপদান করতে পুরো কমিউনিটির একযোগে কাজ করতে হবে! সেজন্য আমরা প্রিন্সিপাল, শিক্ষক, সেন্ট্রাল বা কেন্দ্রীয় অফিসের কর্মী, পরিবার, এবং শিক্ষার্থীবৃন্দের সাথে কথা বলেছি - যারা তাদের বিগত বছরের অভিজ্ঞতা শেয়ার করেছে এবং আমরা কীভাবে সম্মুখে অগ্রসব হব, সেবিষয়ে তাদের আশা ব্যক্ত করেছে।

আপনাদের বক্তব্য সুস্পষ্ট: প্রতিটি গ্রেডে, শিক্ষাদান ও শিক্ষা গ্রহণের অত্যন্ত গুরুত্বপূর্ণ কিছু অংশে আমাদের উল্লেখযোগ্য পরিবর্তন আনার সুযোগ হয়েছে। বর্তমানে, অসাম্যতার বাঁধা আমরা দূর করতে পারি এবং আপনার সন্তান যেস্কুলেই পড়ুক না কেন, তাকে উষ্ণ স্বাগত জানাতে, এবং সর্বোচ্চ শিক্ষায়তনিক অর্জনের প্রত্যাশার সম্মুখীন হতে—এবং সেটা অর্জনে আমরা যেন তাদের সহায়তা করতে প্রস্তুত আছি, তা নিশ্চিত করতে পারি।

এই বছর, উপশম আসবে কঠোর অ্যাকাডেমিকসের পাশাপাশি। এই আসন্ন বছরে কী কী পরিবর্তন আসছে সেবিষয়ে আমি আপনাদের সাথে কিছুটা শেয়ার করতে চাই, এবং এজন্য আমাদের শিক্ষায়তনিক পুনরুজ্জীবনে, আমাদের এক মিলিয়ন শিক্ষার্থীদের জন্য 635 মিলিয়ন ডলারের একটি বিনিয়োগের প্রতি আমি কৃতজ্ঞতা পোষণ করছি।

তা করার আগে, আমি স্বীকার করছি যে স্কুলে সশরীরে ফিরে যাওয়ার ব্যাপারে সকল পরিবারের অনুভূতি একই রকম নয়। অনেক পরিবার উদ্দীপিত এবং তাদের ছেলেমেয়েদের ফুল-টাইম সম্পৃক্ত করতে প্রস্তুত। অন্যরা উদ্বিগ্ন অনুভব করছেন, কিংবা সম্ভাব্য ঝুঁকি সম্পর্কে নিশ্চিত নন। আমি আপনার কাছে অঙ্গীকার করতে পারি যে আপনার সন্তানের স্বাস্থ্য এখন এবং সবসময়ই আমাদের প্রথম প্রাধান্য। আমরা প্রতিটি শিক্ষার্থীর জন্য ফুল-টাইম স্কুল শুরু করছি, কারণ আমরা জানি আমরা তাদের—এবং আপনাদের—স্বাস্থ্য ও সুরক্ষা প্রদান করতে পারবো। এবং আমরা জানি যে আপনার সন্তানের বিকাশ ও সফলতায় স্কুলে অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আপনার সন্তান যেন শিখতে, উপশমিত, ও বিকশিত হতে পারে, সেজন্য আমরা এই সুবর্ণ সুযোগ কীভাবে কাজে লাগাচ্ছি - তা আমাদের নিম্নলিখিত শিক্ষায়তনিক পুনরুদ্ধার পরিকল্পনা কিছুটা ব্যাখ্যা দেবে। এই গ্রীষ্মে বা সামারে আরও তথ্য schools.nyc.gov -সাইটে প্রকাশ করা হবে।

আমাদের শিক্ষার্থীদের 13 সেপ্টেম্বরের হোমকামিংয়ের জন্য আমি প্রচণ্ড উদ্দীপিত হয়ে আছি—DOE-তে আমার দুই দশকের চাকুরির যেকোনো সময়ের চেয়ে আমি বেশী উদ্দীপিত। আপনি এবং আপনার সন্তানের সাথে এই পথ যাত্রায় শরিক হতে পেরে আমি সম্মানিত, এবং শিক্ষা বছর এগিয়ে আসার সাথে সাথে সংযুক্ত হবার প্রত্যাশা করছি।

অংশীদারিত্বে,

মিশা পোর্টার (Meisha Porter)
নিউ ইয়র্ক সিটি স্কুলস চ্যান্সেলর

Department of Education
Chancellor Meisha Porter

## NYC পাবলিক স্কুলসমূহ: এই সেপ্টেম্বরে আপনি যা দেখতে পাবেন

**আপনার সন্তান স্বাগত বোধ করবে, এবং বিগত বছর থেকে মানসিকভাবে উপশমিত হতে সহায়তা পাবে**

প্রতিটি কমিউনিটিতেই ছেলেমেয়েরা কোভিড-19 (COVID-19) মহামারী থেকে সৃষ্ট মানসিক আঘাত বহন করছে। একটি সফল শিক্ষায়তনিক পুনরুদ্ধার শুধুমাত্র তখনই হতে পারে, যখন শিক্ষার্থীদের আবেগজনিত এবং মানসিক স্বাস্থ্যগত চাহিদাও পুরণ করা হবে।

- আমরা 500-এর বেশী সোশ্যাল ওয়ার্কার ও অন্যান্য মানসিক স্বাস্থ্য বিষয়ক সহায়তাদানকারী কর্মীদের চাকরিতে নিয়োগ দিব, যেন আপনার সন্তানের স্কুলে অন্তত একজন সোশ্যাল ওয়ার্কার অথবা স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্য সংক্রান্ত ক্লিনিক থাকে।
- যেসব স্থানে সবচেয়ে বেশি প্রয়োজন সেসব স্থানের কমিউনিটিতে বর্ধিত সামাজিক, আবেগজনিত, শিক্ষায়তনিক, এবং পাঠ্যক্রম বহির্ভূত পরিষেবা প্রদানের জন্য আমরা 130-টির বেশি নতুন কমিউনিটি স্কুল যোগ করা শুরু করবো।

**আমাদের একটি প্রাধান্য হবে আপনার সন্তানের সাক্ষরতা বা লিটারেসি দক্ষতা**

ছেলেমেয়েদের শিক্ষায়তনিক পথযাত্রায় গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জনে সাক্ষরতা (লিটারেসি) ও পড়ে বোঝার (রিডিং) দক্ষতা হচ্ছে অত্যাবশ্যকীয় ভিত্তি স্বরূপ। আমাদের লক্ষ্য হচ্ছে দ্বিতীয় গ্রেডের শেষে প্রতিটি শিক্ষার্থীকে রিডিংয়ে (পড়ে বোঝা) তাদের গ্রেড স্তর পর্যায়ে নিয়ে আসা।

- যদি আপনার কিন্ডারগার্টেন থেকে দ্বিতীয় (2) গ্রেডে কোনও সন্তান থেকে থাকে, তবে তার শিক্ষকগণ একটি টুল ব্যবহার করে বছরের শুরুতে তার শক্তিশালী ও চ্যালেঞ্জপূর্ণ বিষয়গুলো শনাক্ত করবেন, এবং তাদের সুনির্দিষ্ট চাহিদা পূরণে তাদের জন্য স্বতন্ত্র সহায়তা পরিকল্পনা প্রস্তুত করবেন।
- সাক্ষরতায় (লিটারেসি) সহায়তা করার জন্য, এই গ্রেডগুলোর হাজার হাজার শিক্ষক বাড়তি প্রশিক্ষণ গ্রহণ করবেন।
- রিডিংয়ে (পড়ে বোঝা) দক্ষতা উন্নত করার সুনির্দিষ্ট লক্ষ্য অর্জন করতে, 72-টি এলিমেন্টারি স্কুলে ক্লাসের শিক্ষার্থী সংখ্যা হ্রাস করতে, 140 জনের বেশি শিক্ষককে নিয়োগ দেয়া হবে।
- আমাদের সফল ইউনিভার্সাল লিটারেসি কোচিং প্রোগ্রামে রিডিং কোচের সংখ্যা আমরা 500-তে উন্নিত করবো, যেন প্রতিটি আর্লি চাইল্ডহুড ও K-2 ক্লাসরুমে একজন উপস্থিত থাকতে পারেন।
- অতিরিক্তভাবে, শিক্ষার্থীদের সুনির্দিষ্ট সহায়তা প্রদানের জন্য আমরা অতিরিক্ত তহবিল প্রদান করবো, যেমন - দীর্ঘায়িত দিবস ও সমৃদ্ধিমূলক কার্যক্রম।

**আপনার সন্তান তার প্রযুক্তিগত দক্ষতাসমূহ গড়ে তুলবে**

এই সেপ্টেম্বরে, প্রযুক্তির উপকারিতা সম্পর্কে আমরা যা শিখেছি, তার উপর ভিত্তি করে আমরা আরও শিখবো। নতুন অর্থনীতির জন্য প্রস্তুত হতে, শিক্ষার্থীরা তাদের ডিজিটাল দক্ষতা গড়ে তুলবে।

- আমরা বাড়তি 175,000-টি ডিভাইস বিতরণ করবো, যেন প্রত্যেক K-12 শিক্ষার্থী, যাদের একটি প্রয়োজন আছে তারা একটি ব্যবহার করতে পারে।
- শিক্ষার্থীরা যেন তাদের ডিজিটাল সাক্ষরতা বা লিটারেসি দক্ষতা প্রদর্শন করতে পারে, সেজন্য আমরা একটি অষ্টম গ্রেডের টেকনোলজি প্রজেক্ট চালু করবো।
- কম্পিউটার সায়েন্স পাঠ্যক্রম শেখানোর জন্য আমরা K-12 গ্রেডের 5,000 শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করবো।
- 2024 সালের মধ্যে, 400,000 শিক্ষার্থীর জন্য গণনামূলক (কম্পিউটেশনাল) চিন্তা-ভাবনা, সমস্যা সমাধান, এবং ডিজিটাল দক্ষতায় সহায়তা করতে আমরা সকলের জন্য কম্পিউটার সায়েন্স সম্প্রসারণ করবো।

**প্রতিবন্ধীতাযুক্ত শিক্ষার্থীদের জন্য আরও স্পেশাল এডুকেশনে বিষয়ক সহায়তা লভ্য হবে**

বিশ্বব্যাপী মহামারী আমাদের প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের উপর অসমানুপাতিক হারে প্রভাব ফেলেছে। ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রামযুক্ত (IEP) আমাদের ক্ষুদ্র শিক্ষার্থী থেকে শুরু করে গ্র্যাজুয়েশনে জন্য প্রস্তুতি গ্রহণকারী সকল শিক্ষার্থীকে, আরও ভালভাবে সহায়তা দেয়ার জন্য অ্যাকাডেমিক রিকভারি প্ল্যান সকল সংস্থান বা রিসোর্স প্রদান করবে:

- বাড়তি শিক্ষা নির্দেশনা ও সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদানের জন্য আমরা IEP-যুক্ত শিক্ষার্থীদের জন্য আফটার স্কুল ও শনিবারের প্রোগ্রামসমূহ চালু করবো।

Department of Education
Chancellor Meisha Porter

- আমরা 800-টি স্পেশাল এডুকেশন প্রি-K আসন যোগ করবো এবং আরও IEP পর্যালোচনার অনুরোধ পূরণ করতে, কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন সম্প্রসারিত করবো।
- যোগ্য 21+ বছর বয়সী শিক্ষার্থীদের, তাদের ডিপ্লোমা অথবা অন্যান্য সনদ অর্জনে অব্যাহত শিক্ষা নির্দেশনা প্রদান, কিংবা কলেজ ও পেশাজীবনের প্রস্তুতির পরিকল্পনায় পরামর্শ প্রদান করবো।
- এছাড়াও আমাদের বিয়ন্ড অ্যাক্সেস সিরিজের মাধ্যমে আমরা ফ্যামিলি ওয়ার্কশপ ও তথ্য অধিবেশন অব্যাহতভাবে প্রদান করবো, যা স্পেশাল এডুকেশন সংক্রান্ত বিষয়সমূহে সেশন প্রদানের মাধ্যমে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের পরিবারদের সহায়তা করে।

**বহু ভাষার শিক্ষার্থীদের (মাল্টিলিংগুয়াল লার্নার্স) জন্য আরও ভাষাগত সহায়তা লভ্য হবে**

DOE-তে বহু ভাষার শিক্ষার্থী (মাল্টিলিংগুয়াল লার্নার্স, MLs) এবং ইমিগ্র্যান্ট পরিবারদের মূল্য ও সহায়তা দেয়া হয়। আমরা সাংস্কৃতিকভাবে সংবেদনশীল সহায়তা প্রদান করবো, যা ক্লাসরুমের অভ্যন্তরে ও বাহিরে শিক্ষার্থীদের সফল হতে, তাদের ও তাদের পরিবারদের বিভিন্ন সংস্থান বা রিসোর্স এবং সুযোগে সমতা এনে দেবে।

- আমরা 30-টি হাই স্কুলে ইমিগ্র্যান্ট অ্যাম্বাস্যাডর প্রোগ্রাম প্রোগ্রাম প্রতিষ্ঠা করবো, যা মেন্টরশীপের জন্য DOE-এর ইমিগ্র্যান্ট শিক্ষার্থীদের সাথে কলেজ শিক্ষার্থীদের সংযোগ করবে।
- শিক্ষার্থীদের বাড়ির ভাষায় মুদ্রিত ও ডিজিটাল বই কেনার জন্য এবং বাড়িতে ব্যবহৃত ভাষার উপর একটি লাইব্রেরি গড়ে তুলতে, স্কুলগুলোকে তহবিল প্রদান করা হবে।
- বহু ভাষার শিক্ষার্থী (মাল্টিলিংগুয়াল লার্নার্স) ও ইমিগ্র্যান্ট শিক্ষার্থীদের সুনির্দিষ্ট ভাষাগত চাহিদা পূরণে আমরা শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করবো।
- আমরা বহু ভাষার শিক্ষার্থীদের (মাল্টিলিংগুয়াল লার্নার্স) জন্য ওয়েলনেস চেক্ পরিচালনা করবো এবং সামাজিক-আবেগজনিত শিক্ষায় সহায়তা প্রদান করবো - বিশেষভাবে, ফুল-টাইম সশরীর শিক্ষা গ্রহণে ফিরে আসায়।
- আমরা সেকেন্ডারী পরবর্তী প্রস্তুতিতে ELL-দের জন্য কর্মসূচি (পোস্টসেকেন্ডারি রেডিনেস ফর ELLs প্রোগ্রাম, PREP) সম্প্রসারিত করছি, যা স্কুল কাউন্সেলর ও শিক্ষকবৃন্দদের একটি বাছাইকৃত দল কর্তৃক প্রদান করা হবে।

**আপনার সন্তান কলেজ ও ক্যারিয়ারের জন্য প্রস্তুত হবে**

বিশেষভাবে এই মহামারী থেকে আমাদের শিক্ষার্থীরা যখন উপশমিত হচ্ছে, তখন তারা যেন জীবনের পরবর্তী ধাপের জন্য আরও ভালভাবে প্রস্তুত হতে পারে তা আমাদের নিশ্চিত করতে হবে।

- আমরা প্রতিটি জুনিয়র ও সিনিয়রকে বিনা খরচে, ব্যক্তিগতকৃত কলেজ কাউন্সেলিং প্রদান করবো, যেন প্রত্যেক শিক্ষার্থীর একটি গ্র্যাজুয়েশন পরবর্তী পরিকল্পনা থাকে। এতে অন্তর্ভুক্ত, 34-টি হাই স্কুলে স্টুডেন্ট সাকসেস্ সেন্টার চালু করা।
- আবেদন প্রক্রিয়া সম্পন্ন করায় সহায়তা করতে, আমরা একাধিক ভাষায় সর্বজনীন কলেজ ফাইন্যানশিয়াল এইড সংক্রান্ত পথ নির্দেশনা অফার করবো।
- হাজার হাজার শিক্ষার্থীর জন্য যেন কলেজ পর্যায়ের পাঠ্যক্রম লভ্য থাকে, সেজন্য আমরা নতুন নতুন অ্যাডভান্সড প্লেসমেন্ট অথবা কলেজ নাউ কোর্সসমূহ যোগ করবো।

**আপনার সন্তান কঠোর পাঠ্যক্রম অনুসরণ করবে যা তাদের নিজস্ব পরিচয়ের প্রতিফলন ঘটাবে**

ছেলেমেয়েরা যখন তাদের পাঠ্যে ও উপকরণে নিজেদের প্রতিচ্ছবি দেখতে পায়, তখন তারা ক্লাসে আরও সম্পৃক্ত হয়। এই সিটির সংস্কৃতি ও ইতিহাসের "অপূর্ব বুনন" আমাদের পাঠ্যক্রমে প্রতিফলন ঘটাতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

- হেমন্তে (ফল-এ), আপনার সন্তানের স্কুল একগুচ্ছ বই পাবে যেগুলো এই সিটির রূপদানকারী বিবিধ ইতিহাস, ভাষা, ও অভিজ্ঞতার প্রতিফলন ঘটাবে।
- DOE একটি সর্বজনীন, কঠোর, ও অন্তর্ভুক্তিমূলক ইংরেজি ভাষা শৈলী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস, ELA) ও গণিত (ম্যাথ) পাঠ্যক্রম তৈরি করা শুরু করবে, যা নিউ ইয়র্ক সিটির 1,600-টি স্কুল এবং এক মিলিয়ন শিক্ষার্থীদের মাঝে শেয়ার করা হবে। এটা সাক্ষরতায় বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে উঠবে এবং শিক্ষার্থীদের শিক্ষাগত সহজ গণ্ডির বাহিরে বেরিয়ে আসতে তাদের চ্যালেঞ্জ করবে।
- DOE - ELA, ম্যাথ, আর্টস্, ও আরো অনেক বিষয়ে নতুন নতুন সহায়ক উপকরণ প্রস্তুত করা শুরু করবে - যেগুলো নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের জন্য নিউ ইয়র্ক সিটির শিক্ষকগণ প্রস্তুত করবেন।